

৩২



প্রেসিডেন্ট ও চীফ জাউট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ বঙ্গবন্ধু জাউটিং ও রোভারিং-এর সর্বোচ্চ অ্যাওয়ার্ড জাউটদের মাঝে বিতরণ করেন

## জাউটদের মধ্যে সর্বোচ্চ পুরস্কার বিতরণ করলেন প্রেসিডেন্ট

### স্টাফ রিপোর্টার

জাউট আন্দোলনের শতবর্ষ পূর্তি উপলক্ষে জাউট ও রোভার জাউটদের মাঝে সর্বোচ্চ অ্যাওয়ার্ড প্রদান করেন প্রেসিডেন্ট ও চীফ জাউট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ। গতকাল (সোমবার) বঙ্গবন্ধুর দরবার হলে ৫৩ জন জাউট ও ৮ জন রোভার জাউটকে সর্বোচ্চ অ্যাওয়ার্ড প্রেসিডেন্ট রোভার জাউট অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এছাড়া এ সময় দু'জন বিশিষ্ট ব্যক্তিকে জাউটিং-এর সর্বোচ্চ অ্যাওয়ার্ড রোপা ব্যান্ড প্রদান করা হয়। এরা হলেন, নেপাল জাউটস-এর চীফ কমিশনার শ্রীরাম রামিছানি এবং বিশিষ্ট সমাজসেবক রোটারিয়ান ইফতেখারুল আলম। এছাড়া এ

সময় প্রেসিডেন্ট ও চীফ জাউট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ জাউটিং-এর শতবর্ষ পালন উপলক্ষে বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক তৈরীকৃত স্মারক ডাকটিকেট, বাম ও পোস্ট কার্ড উন্মোচন করেন।

এ সময় তিনি ১০ টাকা মূল্যমানের দু'টি স্মারক ডাক টিকেট, ২ টাকা মূল্যমানের ১টি পোস্টকার্ড এবং ৬ টাকা মূল্যমানের একটি উন্মোচনী খাম প্রকাশ করেন।

উক্ত জাউটস শতবর্ষ পূর্তি অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাউটসের প্রধান জাতীয় কমিশনার মুহঃ ফজলুর রহমান, সভাপতি ড. শাহ মোহাম্মদ ফরিদ এবং জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মো: আবুল কালাম আজাদ প্রমুখ।